

## প্রকল্পের সারসংক্ষেপ

১. প্রকল্পের শিরোনাম : ৩ টি পার্বত্য জেলায় সমন্বিত প্রাণিসম্পদ উন্নয়ন প্রকল্প।

২. প্রকল্পের লক্ষ্য (Goal) : প্রাণিসম্পদ খাতে উৎপাদন ও উৎপাদনশীলতা বৃদ্ধির মাধ্যমে প্রাণিজ আমিষের সরবরাহ বৃদ্ধি ও খামারীদের দক্ষতা উন্নয়ন।

৩. প্রকল্পের উদ্দেশ্য (Purpose/Outcome) :

- পার্বত্য জেলায় প্রাণিজ আমিষের উৎপাদন বৃদ্ধি;
- আধুনিক ও লাগসই প্রাণিসম্পদ প্রযুক্তি সম্প্রসারণ এবং
- অঞ্চলভিত্তিক অভিযোজনকৃত গবাদিপশু-পাখি সরবরাহের লক্ষ্যে সংশ্লিষ্ট খামারসমূহের সক্ষমতা বৃদ্ধি।

৪. প্রকল্পের প্রাক্কলিত ব্যয় : ৪৮.৯৯ কোটি টাকা ( জিওবি)

৫. প্রকল্পের বাস্তবায়নকাল : ০১.০১.২০২৫ খ্রি. হতে ৩১.১২.২০২৭ খ্রি. ( ৩ বছর)।


৬. প্রকল্প এলাকা : ক) খাগড়াছড়ি - ৯ টি উপজেলার ৪১ টি ইউনিয়ন  
খ) রাজামাটি - ১০ টি উপজেলার ৫২ টি ইউনিয়ন  
গ) বান্দরবান - ৭ টি উপজেলার ৩৫ টি ইউনিয়ন  
মোট : ২৬ টি উপজেলার ১২৮ টি ইউনিয়ন

৭. প্রকল্প ইনপুট :

- ৬ জন পিআইইউ জনবল নিয়োগ;
- ১১৭৭৬টি সুফলভোগী পরিবার নির্বাচন, প্রতি ইউনিয়ন হতে ৯২ জন
- ৪৭১টি LFG (লাইভস্টক ফার্মার্স গ্রুপ ) গঠন;
- ১১৭৭৬ জন খামারিকে প্রশিক্ষণ;
- ১১৭৭৬ খামারি পরিবারের মাঝে উপকরণ বিতরণ ( মুরগি, ছাগল, ভেড়া, শূকর ও প্রতিটির জন্য ঘর)
- রাজামাটি পিগ খামারে মাটি ভরাট, বাউন্ডারি ওয়াল ও অভ্যন্তরীণ রাস্তা নির্মাণ।
- রাজামাটি, সিতাকুন্ড ও চট্টগ্রাম সরকারি পোল্ট্রি খামারের মেরামত ও ২টি ইনকুবেটর মেশিন সরবরাহ।

## প্রকল্প বাস্তবায়নে চ্যালেঞ্জসমূহ

- প্রকল্পের বাস্তবায়নকাল ১.১.২০২৫ হতে ৩১.১২.২০২৭ কিন্তু পিডি হিসেবে দায়িত্ব প্রদান করা হয় গত ২৬.০৬.২০২৫খ্রি. (৬ মাস পর)। কাজেই যথাসময়ে বাস্তবায়ন একটি চ্যালেঞ্জ।
- প্রকল্প কোড সংশোধন ও অন্যান্য জটিলতার জন্য বাজেট প্রাপ্তিতে বিলম্ব এবং প্রকল্পের লক্ষ্যমাত্রা অনুসারে বাজেট প্রাপ্তিতে অনিশ্চয়তা।
- প্রকল্পের মূল কার্যক্রম মুরগি, ছাগল, ভেড়া ও শূকরের শেড নির্মাণে প্রাক্কলিত ব্যয় তুলনামূলকভাবে কম।
- মাঠপর্যায়ে প্রকল্পের নিজস্ব জনবল না থাকায় অধিদপ্তরের জনবলের উপর সম্পূর্ণ নির্ভরশীল হবে প্রকল্পের কার্যক্রম। অনেক উপজেলায় জনবল সংকট থাকায় যথাযথ সেবা ও মনিটরিং নিশ্চিত করা কঠিন।
- অতিদূর্গম এলাকাসমূহে প্রকল্প কার্যক্রম পরিচালনা ও মনিটরিং করা ঝুঁকিপূর্ণ ও কষ্টসাধ্য।



ডা. মো. নজরুল ইসলাম  
প্রকল্প পরিচালক

৩টি পার্বত্য জেলায় সমন্বিত প্রাণিসম্পদ উন্নয়ন প্রকল্প  
৩নং জেটি গেট, ফকিরহাট, চট্টগ্রাম - ৪১০০  
মোবাইল : ০১৭১১৩১৬৩০৩  
ই-মেইল : [pd.hilltracts.dls@gmail.com](mailto:pd.hilltracts.dls@gmail.com)